



গরীবে নেওয়াজ উচ্চ বিদ্যালয়

ফোন : ৭১২৬২৮

GARIB-E-NEWAZ HIGH SCHOOL

রক-আই, হালিশহর হাউজিং এস্টেট, থানা-হালিশহর, চট্টগ্রাম। ইমেইল-gnhsc@yahoo.com, EINN # 104664, বিদ্যালয় কোড # ৩০১৬

স্থাপিত : ১৯৮০ ইং

তারিখ: ২৫/০৪/২০২৬ খ্রি.

বিজ্ঞপ্তি

বিষয়: “নতুন কুড়ি স্পোর্টস-২০২৬” এ শিক্ষার্থীদের অংশগ্রহণ সংক্রান্ত।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১২.০৬.০০১.২০/৬০৬৩ ও তারিখ: ২৩/০৪/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে অত্র বিদ্যালয়ের সকল শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত “নতুন কুড়ি স্পোর্টস-২০২৬” প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য অনলাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম শুরু হয়েছে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণে আগ্রহী শিক্ষার্থীদের নিম্নোক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করার জন্য বলা হলো।

১. অংশগ্রহণের বয়সসীমা: ১২ থেকে ১৪ বছর বয়সী ছাত্র-ছাত্রী
(জন্ম তারিখ: ০১ মে ২০১২ থেকে ০২ মে ২০১৪ এর মধ্যে)

২. প্রতিযোগিতার ধাপ:

- উপজেলা;
- জেলা;
- আঞ্চলিক ও
- জাতীয়

৩. খেলার ধরন (সর্বোচ্চ ২টি খেলায় অংশগ্রহণ করা যাবে):

- ফুটবল;
- ক্রিকেট;
- কাবাডি;
- অ্যাথলেটিক্স;
- ব্যাডমিন্টন;
- দাবা;
- মার্শাল আর্ট ও
- সাঁতার

৪. আবেদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র:

- ক. অনলাইন ভেরিফাইড জন্মনিবন্ধন সনদ;
- খ. শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের প্রত্যয়নপত্র;
- গ. পাসপোর্ট সাইজের রঙিন ছবি ও
- ঘ. অভিভাবকের সম্মতিপত্র।

৫. রেজিস্ট্রেশন সংক্রান্ত তথ্য: রেজিস্ট্রেশনের শেষ তারিখ: ২৭ এপ্রিল ২০২৬ খ্রি.


অনলাইনে আবেদন করতে হবে: notunkurisports.gov.bd ওয়েবসাইটে।

৬. বিশেষ নির্দেশনা:

- ক. আগ্রহী শিক্ষার্থীদের অতি দ্রুত বিদ্যালয়ের ক্রীড়া শিক্ষক জনাব মোহাম্মদ শাহ আলম মজুমদার (০১৮১৮-০৮১২১৪) ও জনাব মো: শরীফ হোসেন (০১৬৪২-৭৭৭৪১১) এর সাথে যোগাযোগ করতে হবে;
- খ. সকল কাগজপত্র সঠিকভাবে প্রস্তুত করে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন সম্পন্ন করতে হবে;
- গ. বিদ্যালয় কর্তৃপক্ষ প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে।

অতএব, আগ্রহী শিক্ষার্থীদের নির্ধারিত সময়ের মধ্যে রেজিস্ট্রেশন সম্পন্ন করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

-বিষয়টি অতীব জরুরি।


২৫-০৪-২০২৬

মোহাম্মদ রফিকুল ইসলাম
প্রধান শিক্ষক
গরীবে নেওয়াজ উচ্চ বিদ্যালয়
হালিশহর, চট্টগ্রাম।
gnhsc@yahoo.com